



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং ৭জি/৪৯(ক-৩)/২০০৯/৪৫/৪

তারিখ : ০৪/০১/২০২২ খ্রি.

বিষয় : নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন তিস্তা ডিগ্রি কলেজের প্রভাষক(ইসলাম শিক্ষা) জনাব মো: আব্দুল হালিমকে এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং ৩৭২/২০১৮ এর রায় বাস্তবায়ন;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন তিস্তা ডিগ্রি কলেজের প্রভাষক (ইসলাম শিক্ষা) জনাব মো: আব্দুল হালিম এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৭১/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশন শুনানিশেষে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Absolute করে রায় প্রদান করেন। উক্ত রায় পিটিশনারকে যোগদানের তারিখ অর্থাৎ ১৯.০৩.২০০৫ খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত রায় ও আদেশের বিরুদ্ধে অত্র অধিদপ্তর থেকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল নং ৯৪৬/২০১৯ দায়ের হয়। উক্ত আপিল শুনানিশেষে বিগত ০৮/০৩/২০২০ খ্রি. তারিখে মহামান্য আপিল বিভাগ কর্তৃক হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ পরিবর্তন করা হয় এবং আপিল বিভাগের রায় পিটিশনারকে হাইকোর্ট বিভাগের রায়/আদেশের তারিখ অর্থাৎ ০৭/১০/২০১৮ খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশনা প্রদান করা হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো : মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় ও আদেশ অনুসারে পিটিশনারকে ০৭/১০/২০১৮ খ্রি. তারিখ থেকে মহামান্য হাইকোর্টের রায় অনুসারে এমপিওভুক্ত করতে হবে।

এমপিওভুক্তির বিষয়টি নিষ্পত্তির জন্য নভেম্বর/২০২১ মাসের সভায় উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত : জনাব মো: আব্দুল হালিম, প্রভাষক (ইসলাম শিক্ষা)কে মহামান্য হাইকোর্টের রায়ের তারিখ হতে হিসাব যাচাইপূর্বক বকেয়াসহ এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, নভেম্বর/২০২১ মাসের এমপিও কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন তিস্তা ডিগ্রি কলেজের প্রভাষক (ইসলাম শিক্ষা) জনাব মো: আব্দুল হালিমকে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট মামলার রায় মোতাবেক রায়ের তারিখ থেকে (রায়ের তারিখ ০৭/১০/২০১৮) বকেয়ার হিসাব যাচাই করে এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

Abdul Kader
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, তিস্তা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী;
- (২) অধ্যক্ষ, তিস্তা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী (অনলাইনে আবেদন দাখিল করার জন্য বলা হলো)
- (৩) জনাব মো: আব্দুল হালিম, প্রভাষক (ইসলাম শিক্ষা), তিস্তা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী;
- (৪) সংরক্ষণ নথি।